

STUDY MATERIAL FOR SEM - 6 SANSKRIT GENERAL STUDENTS

DEPARTMENT OF SANSKRIT

K.C.COLLEGE, HETAMPUR, BIRBHUM

DATE-14-4-2020

PAPER- DSE-2

TOPIC-ALAMKARA(ATISHAYOKTI)

TEACHER`S NAME--ARPITA PRAMANIK

অতিশয়োক্তি অলংকার

আচার্য বিশ্বনাথ কবিরাজ তাঁর ‘সাহিত্যদর্পণ’ গ্রন্থের দশম পরিচ্ছেদে অতিশয়োক্তি অলংকারের লক্ষণ নির্ণয় প্রসঙ্গে বলেছেন---

“সিদ্ধত্বেঃ অধ্যবসায়স্যতিশয়োক্তির্নিগদ্যতে।”

‘অধ্যবসায়’ সিদ্ধ হলে অতিশয়োক্তি অলংকার হয়। অধ্যবসায় বলতে বোঝায় উপমেয়ের নিগরণপূরঃসর উপমানের সঙ্গে উপমেয়ের অভেদ জ্ঞান। অর্থাৎ ‘বিষয়’ উপমেয়কে নিগরণ বা গ্রাস করে বিষয়ী বা উপমান কতৃক উপমেয়ের সঙ্গে অভেদ প্রতিপাদনের নামই অধ্যবসায়। ভাষান্তরে বলা যায় বিষয় নিগরণের মাধ্যমে অভেদপ্রতিপত্তির নামই বিষয়ীর অধ্যবসায়। বিষয়ী বা উপমানের দ্বারা বিষয়ের বা উপমেয়ের পূর্ণগ্রাসরূপ যে অধ্যবসায়, তারই নাম সিদ্ধ অধ্যবসায়। এই সিদ্ধ অধ্যবসায়ই অতিশয়োক্তি। সিদ্ধ অধ্যবসায়ে উপমেয়ের গ্রাস সুনিশ্চিত হতে হবে। উপমেয়ের সুনিশ্চিত গ্রাস বলতে উপমেয়ের অনুপস্থিত বা ভাষায় তার অনুল্লেখ বা অপ্রকাশ বোঝায়। অতিশয়োক্তি অলংকারে উপমেয় থাকে না। থাকে শুধু শুদ্ধ উপমান। এ থেকে কল্পিত হয় যে উপমান উপমেয়কে উদরসাৎ করছে। বিশেষ বৈচিত্র্যের আধান হেতু অলংকারসমূহের মধ্যে অতিশয়োক্তিকে উত্তম বলা হয়ে থাকে।

উদাহরণ-- কথমুপরি কলাপিনঃ কলাপো বিলসতি তস্য ভালেঃ ষ্টমীন্দুখন্ডম্।

কুবলয়যুগলং ততো বিলোলং তিলকুসুমং তদধঃ প্রবালমস্মাৎ।।

শ্লোকের অর্থ--(নায়িকার মস্তকে) ময়ূরপুচ্ছ, তার নীচে অষ্টমীর চাঁদ, তার তলায় দুটি চঞ্চল নীলোৎপল, তারও তলায় একটি তিলকুসুম, এবং তারও তলায় একটি রক্তপ্রবাল কেন ?

ব্যাখ্যা-- শ্লোকে ‘কথম্’ পদটি সম্ভাবনা সূচক, প্রশ্নসূচক নয়। কান্তার কেশপাশকে ময়ূরকলাপ, নাসিকাকে তিলফুল এবং ওষ্ঠকে রক্তপ্রবালরূপে অধ্যবসায় করা হয়েছে। এই অভেদ নিশ্চয় সিদ্ধ। স্বয়ং নিষ্পন্ন। সুতরাং অতিশয়োক্তি অলংকার। পরন্তু কেশাদি উপমেয় এবং কলাপাদি উপমান পরস্পর পৃথক বা ভিন্ন হলেও উপমানের উৎকট প্রাধান্যে উপমেয়ের নিগরণজনিত উভয়ের অভেদ প্রতীতি ঘটেছে। ভেদে অভেদে, অভেদে ভেদে, সম্বন্ধে অসম্বন্ধে, অসম্বন্ধে সম্বন্ধে, এবং হেতু ও কার্যের বিপর্যয়--অতিশয়োক্তি এই পাঁচ প্রকার।

মনে রাখা প্রয়োজন অধ্যবসায় উৎপ্রেক্ষায়তেও বর্তমান। কিন্তু উৎপ্রেক্ষায় উপমেয়ের অনিশ্চিতরূপে নির্দেশ থাকায় অধ্যবসায় সাধ্য। অতিশয়োক্তিতে তার নিশ্চিতরূপে নির্দেশে অধ্যবসায় সিদ্ধ।